0 9 JUN 2017
তারিখ ........ 11 JUN 2017
পৃষ্ঠা ২ ... ৩ কলাম ১ ...........

যুগান্তর

গবেষণায় বরাদ্দ দ্বিগুণ

# ৩৭ পাবলিক বিশ্ববিদ্যালয়ের ৪১৫১ কোটি টাকার বাজেট ঘোষণা

যুগান্তর রিপোর্ট

গবেষণা খাতে বরাদ্দ দ্বিগুণ করে পাবলিক বিশ্ববিদ্যালয়ের নতুন শিক্ষাবর্ষের বাজেট ঘোষণা করেছে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)। ২০১৭-১৮ অর্থবছরে ইউজিসির নিজের খরচের বাজেটও বেড়েছে। বৃহস্পতিবার সংস্থাটির পূর্ণ কমিশনের বৈঠকে বাজেট অনুমোদন করা হয়। ২০১৭-১৮ অর্থবছরে অনুন্নয়ন খাতে ৩৭ পাবলিক বিশ্ববিদ্যালয়ে ৪ হাজার ১৫১ কোটি ৫১ লাখ টাকা অনুমোদন করা হয়। একই সঙ্গে ইউজিসির জন্য ৩৭ কোটি ৩০ লাখ টাকা বরাদ্দ করা হয়েছে। উচ্চশিক্ষার মূল লক্ষ্য নতুন জ্ঞান সৃষ্টি, যা গবেষণার মাধ্যমে হয়ে থাকে। গবেষণাকে জোর দিয়ে বাজেটে এ খাতে ২০১৭-১৮ অর্থবছরে ৬১ কোটি ৫৫ লাখ টাকা বরাদ্দ করা হয়। ২০১৬-১৭ অর্থবছরে এর পরিমাণ ছিল ২৮ কোটি ৯৭ লাখ টাকা। সে হিসাবে এ খাতে বরাদ্দ বাড়ল প্রায় ১১৩ শতাংশ।